



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর



ডিপিডিসি'র জুলাই, ২০২২ খ্রি. মাসের APA অগ্রগতি ও মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৫/০৭/২০২২ খ্রি. |
| সভার সময় | বিকাল ২.৩০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল সভা (Zoom)। |
| উপস্থিতি | ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২১-২২ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত জুন ২০২২ খ্রি. মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভা পর্যালোচনা করে প্রায় সকল আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি-০১: সিস্টেম লস

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|---|---|
| সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরের মে-২২ মাসের APA প্রদত্ত সিস্টেম লস সূচকে কয়েকটি এনওসিএস এর সিস্টেম লস ডিপিডিসি'র জন্য প্রযোজ্য লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী সিস্টেম লস কমানোর জন্য যথাযথ পদক্ষেপ নেওয়ার বিষয়ে উল্লেখ করা হয়। | ক) সিস্টেম লস APA ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রত্যেক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী তার অধিনস্থ কর্মকর্তা কর্মচারীদের নিয়ে নিয়মিত মিটিং করবেন এবং সিস্টেম লস নির্ধারিত সীমার মধ্যে রাখার জন্য কর্মপন্থা নির্ধারণ করবেন ও সেই অনুযায়ী কর্ম-পরিকল্পনা গ্রহণ করবেন এবং এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন। খ) সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল এনওসিএস এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিয়মিত ফিল্ড ভিজিট করবেন এবং মনিটরিং করবেন। গ) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি'র ম্যাজিস্ট্রেট আদালত ও স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। সাক্ষ্যকালীন ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়ার সময় পুলিশ প্রশাসন এর সহায়তা নিতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিভেবল

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|-----------|----------------|
|--------|-----------|----------------|

| | | |
|---|---|--|
| <p>সভায় জানানো হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরে ডিপিডিসি'র বেশ কয়েকটি এনওসিএস (যেমন: তেজগাঁও, কাকরাইল, খিলগাঁও, মগবাজার, সাতমসজিদ, শেরেবাংলানগর, ধানমন্ডি, জিগাতলা, শ্যামলী, পরীবাগ, আদাবর, লালবাগ, বাসাবো, স্বামীবাগ, বংশাল, বনশ্রী, কাজলা, মাতুয়াইল) এর মে মাসের CB Ratio এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। চলতি অর্থ বছরে প্রদত্ত সূচক এর লক্ষ্যমাত্রা অনেক চ্যালেঞ্জিং বিধায় প্রতিনিয়ত স্পেশাল ম্যাজিস্ট্রেট ড্রাইভ দিয়ে সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন।</p> | <p>ক) CB Ratio এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিগত বছর সমূহের ন্যায় চলতি অর্থ বছরেও প্রত্যেক এনওসিএস কে বকেয়া আদায়ের জন্য স্পেশাল ম্যাজিস্ট্রেট ড্রাইভ ও প্রতিনিয়ত টাস্কফোর্স অভিযান পরিচালনা সহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সরকারি, বেসরকারি, আধাসরকারি প্রতিষ্ঠানের বকেয়ার বিপরীতে সময়মত বিল পরিশোধ না করলে নোটিশ দিয়ে লাইন কেটে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) প্রত্যেক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে তার আওতাধীন এলাকায় প্রি-পেইড মিটার গ্রাহকের পূর্বের পোস্ট-পেইড মিটার এর বকেয়া আদায়ে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এছাড়া আগামী অর্থ বছরের সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অনেক challenging বিধায় বছরের প্রথম থেকেই সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ফিল্ড ভিজিট কার্যক্রম জোরদার করে বকেয়া আদায়ে সর্বদা সচেষ্ট থাকতে হবে।</p> | <p>নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।</p> |
|---|---|--|

আলোচ্যসূচি-০৩: বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত / কর্পোরেশনসমূহের নিকট বকেয়া

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|---|---|
| <p>সভায় বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত/কর্পোরেশনসমূহের নিকট হতে বকেয়া আদায়ের লক্ষ্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় অবহিত করা হয় যে, কেবল মাত্র যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ২০০ ইউনিট রিবেট দিয়ে বাকী সাধারণ মুক্তিযোদ্ধাদের আগামী জুলাই মাসের বিলিং সাইকেল থেকে রিবেট বন্ধ করে দিতে হবে।</p> | <p>ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্য ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ (বিশেষ করে দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, এফডিসি, PWD, সিটি কর্পোরেশন, পুলিশ কোয়ার্টার, পুলিশ হাসপাতাল, সুপ্রিম কোর্ট, ঢাকা ইউনিভার্সিটি) এর যথাযথ কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখবেন এবং বছরের প্রথম থেকেই বর্ণিত খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ এর সাথে যোগাযোগ করে চিঠি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>খ) যে সমস্ত এনওসিএস এর প্রি-পেইড ও পোস্ট-পেইড এর গ্রাহক যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা না হওয়া সত্ত্বেও ২০০ ইউনিট রিবেট ভোগ করছেন, এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে সে সমস্ত গ্রাহকের বিল কারেকশন করে জুলাই-২২ মাস থেকে ট্যারিফ পরিবর্তন করে দিতে হবে। প্রয়োজনে আইসিটি বিভাগের সহায়তা নিতে হবে। পরবর্তী সমন্বয় সভায় এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে বর্ণিত গ্রাহকের বিল সংশোধন এর বিষয়টি উপস্থাপন করতে হবে।</p> <p>গ) ডিপিডিসি'র আওতাধীন যে সমস্ত এলাকায় ঢাকা ওয়াসার দীর্ঘ দিনের বকেয়া সংক্রান্ত ডিসপুট রয়েছে সে সমস্ত ডিসপুটেড বিল নিষ্পত্তির জন্য নির্বাহী পরিচালক, অপারেশন মহোদয়ের নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি ডিসপুটেড বিল শনাক্ত করে তা নিষ্পত্তির বিষয়ে যথাযথ প্রস্তাব প্রদান করবেন।</p> | <p>প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, (আইসিটি)/ বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।</p> |

আলোচ্যসূচি-০৪: নতুন বিদ্যুৎ সংযোগ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|-----------|----------------|
|--------|-----------|----------------|

| | | |
|--|--|--|
| <p>সভায় জিএম, আইসিটি জানান যে, সকল এনওসিএস ই নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক ও এইচটি গ্রাহকের বিদ্যুৎ সংযোগ প্রদান করেছে। সকল এনওসিএস এর আওতাধীন গ্রাহকদের নতুন বিদ্যুৎ সংযোগ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p> | <p>ক) আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমাল্ড নোট ইস্যু করতে হবে। ডিমাল্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস চার্জ জমা দেয়া সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।</p> <p>খ) ১১ কেভি ও তদূর্ধ্ব ভোল্টেজের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমাল্ড নোট ইস্যু করতে হবে। ডিমাল্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট সম্পন্ন করার সাপেক্ষে পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।</p> | <p>নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।</p> |
|--|--|--|

আলোচ্যসূচি-০৫: পি-পেইড মিটার সংক্রান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|---|---|
| <p>সভায় সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী পি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ এর আরও ৫০০ টি কেইস সার্ভে পূর্বক পদক্ষেপ/সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ এর বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p> | <p>ক) পি-পেইড গ্রাহকের পূর্বের পোস্ট-পেইড মিটারের বকেয়া আদায়ের বিষয়ে ১৭ টি এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজনে ভোল্টিং বন্ধ ও লাইন disconnect করে বকেয়া আদায়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী পি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ এর আরও ৫০০ টি কেইস সার্ভে পূর্বক পদক্ষেপ/সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক, (অপারেশন) সকল প্রতিবেদন কম্পাইল করবেন এবং পরবর্তী সভায় এর সারমর্ম উপস্থাপন করবেন (গৃহীত পদক্ষেপ সহ)। এছাড়া অনিয়মিত রিচার্জ এর বিপরীতে কী পরিমাণ পেনাল বিল করা হয়েছে ও কত টাকা আদায় করা হয়েছে সে সংক্রান্ত ০২ টি কলাম উক্ত রিপোর্টে অন্তর্ভুক্ত করতে হবে।</p> <p>গ) যে সকল ডিভিশনে পি-পেইড মিটার রয়েছে সে সকল ডিভিশন নিজ উদ্যোগে UCC সাপোর্ট সার্ভিস নিজস্ব জনবল দিয়ে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন ও সভাকে অবহিত করবেন।</p> | <p>নির্বাহী পরিচালক, (অপারেশন)/ নির্বাহী পরিচালক, (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ নির্বাহী পরিচালক (প্রকৌশল)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ জিএম, আইসিটি/ ডিজিএম, (আইসিটি ডেভেলপমেন্ট)/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট পি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ প্রকল্প পরিচালক-০১/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ নির্বাহী প্রকৌশলী (নির্বাহী পরিচালক, অপারেশন)/ (সংশ্লিষ্ট সকল এনওসিএস) ও টাস্কফোর্স টীম এর সদস্য)।</p> |

আলোচ্যসূচি-০৬: AMR

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|-----------|----------------|
|--------|-----------|----------------|

| | | |
|---|---|---|
| <p>সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং জানান যে, সিটি পিটির ফেজ সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করা হচ্ছে বিধায় বিল কালেকশনে কোন জটিলতা নেই। মডেম ও মিটার ক্রয়ের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে যা পরবর্তীতে অনুমোদনের জন্য বোর্ড মিটিং এ উপস্থাপন করা হবে।</p> | <p>ক) নতুন অতিরিক্ত ১০০০ টি মডেম বিধি অনুসারে ক্রয়ের বিষয়টি revised APP ও বাজেটে অন্তর্ভুক্ত করে ক্রয় পূর্বক গ্রাহক আঞ্জিনায় স্থাপন করতে হবে। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয়) যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। খ) এএমআর, ভয়েস সহ পি-পেইড সিস্টেম এ অন্যান্য ডাটা কালেকশন এর ক্ষেত্রে গ্রামীণ ফোনের মডেম এর পাশাপাশি অন্যান্য মোবাইল অপারেটর এর মডেম এর সীম স্থাপনের লক্ষ্যে জিএম, আইসিটি কে একটি কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> | <p>জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয়)/ ডিজিএম, আইসিটি (রেভিনিউ/ ডেভেলপমেন্ট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।</p> |
|---|---|---|

আলোচ্যসূচি-০৭: লোডশেডিং

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|---|---|
| <p>সভায় নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় জানান যে, ইতোমধ্যে সকাল ১০ থেকে রাত ১০ টা পর্যন্ত ১০০ মে:ও: এর একটি লোডশেডিং এর শিডিউল তৈরি করা হয়েছে। কখন লোডশেডিং এর allocation দেওয়া হবে, কখন বাস্তবায়ন করতে হবে এ ব্যাপারে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে সর্বদা ডিপিডিসি'র অফিসিয়াল হোয়াটস অ্যাপ গ্রুপে স্ক্যাডা থেকে প্রদানকৃত আপডেট তথ্যের উপর নজর রাখতে হবে মর্মে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় সভায় অবহিত করেন।</p> | <p>ডিপিডিসি'র স্ক্যাডা দপ্তর থেকে প্রদানকৃত লোডশেডিং এর allocation এর উপর নির্ভর করে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে লোডশেডিং এর শিডিউল সতর্কতার সাথে যথাযথভাবে maintain করতে হবে এবং এ সংক্রান্ত যাবতীয় আপডেট তথ্য প্রাপ্তির লক্ষ্যে ডিপিডিসি'র অফিসিয়াল হোয়াটস অ্যাপ গ্রুপে সর্বদা নজর রাখতে হবে।</p> | <p>প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।</p> |

আলোচ্যসূচি-০৮: ১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|--|---|
| <p>সভায় জিএম, আইসিটি জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে sas/non-sas সহ মোট ক্রম-পঞ্জিভূত লক্ষ্যমাত্রার ৪৩% (৩১৯) টি ১১ কেভি ফিডার অটোমেশন করতে হবে। ইতোমধ্যে এনওসিএস এর যে সমস্ত ফিডার অটোমেটেড করা হয়েছে সে সমস্ত ফিডার এর SAIDI/SAIFI পূর্বের তুলনায় অনেকাংশে বেড়ে গিয়েছে যা সিস্টেম এর জন্য ক্ষতিকর। যে সমস্ত এনওসিএস এর অটোমেটেড ফিডার এর SAIDI/SAIFI অধিক মাত্রায় বেড়ে গিয়েছে সে সমস্ত এনওসিএস এর SAIDI/SAIFI নিয়ন্ত্রণ এর পর্যায়ে রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p> | <p>ক) SAIDI/SAIFI এর APA লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সর্বদা সচেতন থাকবেন। খ) প্রত্যেকটি এনওসিএস এর আওতাধীন কোন ফিডারে মাস অনুযায়ী SAIDI/SAIFI লক্ষ্যমাত্রার অধিক হয়ে গেলে তা নিয়ন্ত্রণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ পরিকল্পনা গ্রহণ করবেন এবং দ্রুত মালামাল এর requisition দিয়ে স্টোর থেকে DOFC, MCCB ইস্যু করে স্থাপন এর ব্যবস্থা গ্রহণ করবেন। গ) ডিপিডিসি'র বিভিন্ন উপকেন্দ্রে স্থাপিত বুয়েটের ২২ টি সার্ভার এর mal-operation বন্ধের জন্য উপকেন্দ্রের এসবিএদেরকে train-up করতে হবে। বর্ণিত বিষয়ে উপকেন্দ্রের শিফটিং ডিউটিতে নিয়োজিত কিছু dedicated উপ-সহকারী প্রকৌশলীগণকে নিয়ে একটি যথোপযুক্ত টিম গঠন করতে হবে। টিম গঠনের বিষয়ে জিএম, আইসিটি ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন সমন্বিতভাবে আলাপ-আলোচনা করে এ সংক্রান্ত একটি প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।</p> | <p>নির্বাহী পরিচালক, (অপারেশন)/ জিএম, (আইসিটি)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড নর্থ/ সাউথ সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন)/ সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)</p> |

আলোচ্যসূচি-০৯: ই-নথি ও পেপারলেস অফিস

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|-------------------------|
| <p>এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট নথির ৮০% ই-নথিতে নিষ্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p> | <p>ক) ম্যানুয়াল নথির তথ্য প্রতি মাসে সিস্টেমে এন্ট্রি করতে হবে। খ) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল নথি ই-ফাইলিং এ নিষ্পত্তি করতে হবে।</p> | <p>সকল দপ্তর প্রধান</p> |

আলোচ্যসূচি-১০: স্টোর ম্যানেজমেন্ট, অ্যাসেট ম্যানেজমেন্ট সফটওয়্যার

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|---|--|
| <p>সভায় ম্যানেজার, আইসিটি ডি এম. কামরুল অবহিত করেন যে, এনওসিএস জিগাতলা ও শীতলক্ষ্যা এর শেষ মাসের স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম এ কোন এন্ট্রি দেওয়া হয়নি। পরবর্তীতে অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং এর ডিজিএম, ফিন্যান্স হায়দার আলী জানান যে, প্রায় সব দপ্তর এর অ্যাসেট ডাটা একাউন্টিং সিস্টেমে এন্ট্রি হয়েছে। তন্মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্ক্স দপ্তরের কোন অ্যাসেট ডাটার এন্ট্রি দেওয়া হয়নি। যে সমস্ত দপ্তর অদ্যাবধি স্টোর এবং অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে ডাটা এন্ট্রি দেয়নি সে সমস্ত দপ্তরকে অবিলম্বে উক্ত সফটওয়্যারে ডাটা এন্ট্রি দেওয়ার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।</p> | <p>ক) এনওসিএস এর লোকাল স্টোরে মালামাল ইস্যুর পূর্বেই স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে ডাটা এন্ট্রি দিতে হবে। এনওসিএস জিগাতলা ও শীতলক্ষ্যা কে তাদের শেষ মাসের লোকাল স্টোরের ডাটা অবিলম্বে সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে।</p> <p>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্ক্স ও সিস্টেম প্রটেকশনকে অবিলম্বে তাদের নিজ দপ্তরের অ্যাসেট সংক্রান্ত ডাটা অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এন্ট্রি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>গ) যে সমস্ত দপ্তরে লোকাল স্টোর আছে সে সমস্ত দপ্তরকে অবিলম্বে লোকাল স্টোরের inventory update করে এ সংক্রান্ত রিপোর্ট ডিজিএম, ফিন্যান্স (এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং) দপ্তরে প্রেরণ করতে হবে।</p> | <p>নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট)/ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান।</p> |

আলোচ্যসূচি-১১: ট্রান্সফরমার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--|---|--|
| <p>সভায় ম্যানেজার, আইসিটি ডি এম কামরুল জানান যে, অদ্যাবধি ১১ টি এনওসিএস থেকে ট্রান্সফরমার এর কোন ডাটা পাওয়া যায়নি। জুলাই এর মধ্যেই সকল এনওসিএস এর ট্রান্সফরমার এর পূর্ণাঙ্গ ডাটা ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট) এর দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p> | <p>যে সমস্ত এনওসিএস এখনও ট্রান্সফরমারের ডাটা প্রদান করেনি সে সমস্ত এনওসিএসকে নির্ধারিত ছকে ট্রান্সফরমার এর ডাটা সংক্রান্ত যাবতীয় তথ্য আগামী ০৭ দিনের মধ্যে ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট) এর ই-মেইলে প্রেরণ করতে হবে।</p> | <p>নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/ সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ।</p> |

আলোচ্যসূচি-১২: All Residential & Non Residential Building location with serial number & All Land সম্পর্কিত ডাটা-বেজ তৈরি সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|-----------|----------------|
|--------|-----------|----------------|

| | | |
|---|--|--|
| <p>সভায় নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় জানান যে, All Residential, Non Residential Building with serial number, কোন সালে বিল্ডিং টা construct হয়েছে, কবে শেষ repair হয়েছে, কত তলা বিল্ডিং, কত স্কয়ার ফিটের in detail একটি ডাটাবেজ তৈরি করতে হবে। Estate & Transport দপ্তর থেকে ও all land সম্পর্কিত একটি ডাটাবেজ তৈরি করতে হবে। সকল asset এর একটি টোটাল picture থাকতে হবে মর্মে সভায় নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় অভিমত ব্যক্ত করেন। টোটাল বিল্ডিং যেহেতু সিভিল দপ্তর থেকে maintenance করা হয় ডিপিডিসি'র সমস্ত বিল্ডিং এর লোকেশন with serial number, construction date, last repairing date, how much square feet, ব্যবহারকারীর তথ্যের একটি ডাটাবেজ তৈরির বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন।</p> | <p>All Residential & Non Residential Building location with serial number & All Land সম্পর্কিত ব্যবস্থাপনা পরিচালক, মহোদয়ের সভাপতিত্বে গত এত তারিখে গঠিত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্ক্স এবং ডিজিএম, (এস্টেট এন্ড ট্রান্সপোর্ট) পরবর্তী সমন্বয় সভায় বর্ণিত কার্যক্রমের অগ্রগতির বিষয়টি অবহিত করবেন।</p> | <p>জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সিভিল ওয়ার্ক্স)/ ডিজিএম, (এস্টেট এন্ড ট্রান্সপোর্ট)/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং</p> |
|---|--|--|

আলোচ্যসূচি-১৩: নিরাপত্তা সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|--|--|
| <p>বৈদ্যুতিক হিটার এর ব্যবহার রোধকরণ সংক্রান্তঃ শুল্ক মৌসুমে অগ্নি দুর্ঘটনার ঝুঁকি অনেক বেড়ে যায় ফলে বিদ্যুৎ উপকেন্দ্রসমূহকে অগ্নি দুর্ঘটনার সম্ভাব্য উৎস সম্পর্কে সজাগ থাকতে হবে। বৈদ্যুতিক হিটার অগ্নি দুর্ঘটনার অন্যতম প্রধান একটি উৎস। ডিপিডিসি'র কেপিআইসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় ব্যবহৃত অবৈধ হিটার উচ্ছেদের বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। বিশেষ করে বর্তমান পরিস্থিতিতে যেখানে বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হওয়ার বিষয়ে বিভিন্ন ধরনের নির্দেশনাসহ নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং বিদ্যুৎ এর ব্যবহার সীমিতকরণের জন্য রাষ্ট্রীয়ভাবে লোড শেডিং প্রদান করা হচ্ছে এ রকম পরিস্থিতিতে বিদ্যুতের অপব্যবহার রোধে হিটার ব্যবহার সম্পূর্ণরূপে বন্ধের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।</p> <p>খ) ডিপিডিসি'র আওতাধীন বিভিন্ন দপ্তর/স্থাপনাসমূহে স্থাপিত নিরাপত্তা সংক্রান্ত ইলেকট্রনিক যন্ত্রপাতিসমূহের (সিসিটিভি সিস্টেম, নেটওয়ার্ক সরঞ্জামাদি ও ফিঞ্জারপ্রিন্ট মেশিন) এর রক্ষণাবেক্ষণ সংক্রান্তঃ ডিজিএম (এইচ আর) সিকিউরিটি দপ্তর হতে সভায় জানানো হয় যে, ডিপিডিসি'র আওতাধীন প্রায় সমস্ত দপ্তর/স্থাপনায় নিরাপত্তা বিষয়ক নজরদারীর জন্য সিসিটিভি সিস্টেম, এমপ্লয়ীদের হাজিরার বায়োমেট্রিক ফিঞ্জারপ্রিন্ট মেশিন এবং নেটওয়ার্কের জন্য বিভিন্ন সরঞ্জামাদি স্থাপিত আছে। বিভিন্ন সময়ে উক্ত সরঞ্জামাদির ত্রুটি নিয়ন্ত্রণ কিংবা রক্ষণাবেক্ষণের কাজে সিকিউরিটি দপ্তর হতে কিংবা ঠিকাদারের পক্ষ থেকে পরিদর্শনে গেলে প্রায়শই</p> | <p>ক) বিভিন্ন কেপিআই স্থাপনার স্পর্শকাতর এলাকা (VP) সহ যে সকল স্থানে এখনো হিটার ব্যবহার হচ্ছে স্ব-স্ব দপ্তর প্রধানকে অনতিবিলম্বে সে গুলো বন্ধ করা এবং এর ব্যবহার শূন্যের কোটায় নামিয়ে নিয়ে আসার কার্যকরী পদক্ষেপ নিতে হবে।</p> <p>খ) ডিপিডিসি'র বিভিন্ন দপ্তর/স্থাপনাসমূহে স্থাপিত নিরাপত্তা সংক্রান্ত যন্ত্রপাতিসমূহ শুধুমাত্র অনুমোদিত ব্যক্তিবর্গকে নিয়ম অনুযায়ী ব্যবহার করতে হবে। এ বিষয়ে ডিজিএম (এইচ আর), সিকিউরিটি দপ্তর হতে প্রয়োজনীয় নির্দেশনা উল্লেখপূর্বক সার্কুলার জারি করতে হবে এবং সবাইকে তা মেনে চলতে হবে।</p> | <p>সিদ্ধান্ত ক) নির্বাহী পরিচালক, অপারেশন্স; সকল দপ্তর প্রধান এবং ডিজিএম (এইচআর), সিকিউরিটি।</p> <p>সিদ্ধান্ত খ) সকল দপ্তর প্রধান ও ডিজিএম (এইচআর), সিকিউরিটি।</p> |

পরিলক্ষিত হয় যে, উক্ত সরঞ্জামাদি সঠিকভাবে পরিচালনা করা হয়না। পাওয়ার পয়েন্টসমূহে চার্জার, ওয়াটার হিটার কিংবা অন্যান্য ব্যক্তিগত যন্ত্রপাতির ব্যবহার পরিলক্ষিত হয়। যার ফলে অনেক সময় বিভিন্ন ধরনের ত্রুটি দেখা দেয়। স্থাপনার নিরাপত্তা এবং বর্ণিত যন্ত্রপাতিসমূহ কার্যোপযোগী রাখার স্বার্থে এ ধরনের অপব্যবহার রোধ করা খুবই জরুরী মর্মে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যন্ত্রপাতিসমূহের সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করা এবং এ লক্ষ্যে যথাযথ দিক নির্দেশনা প্রদান করার উপর গুরুত্বারোপ করা হয়।

গ) বায়োমেট্রিক ফিঞ্জারপ্রিন্ট মেশিনের অপব্যবহার সংক্রান্তঃ বিগত ২০২০ খ্রি. বৈশ্বিক মহামারী করোনার ব্যাপক সংক্রমণের সময় স্বাস্থ্যবিধির অংশ হিসেবে ডিপিডিসি'র এমপ্লয়ীদেরকে ফিঞ্জারের মাধ্যমে হাজিরা প্রদানের পরিবর্তে প্রক্সিমিটি আইডি কার্ডের মাধ্যমে হাজিরা প্রদানের ব্যবস্থা করা হয়েছিল। ডিজিএম (এইচ আর), সিকিউরিটি দপ্তর থেকে সভায় জানানো হয় যে, সম্প্রতি প্রক্সিমিটি কার্ডের মাধ্যমে হাজিরা প্রদানের ক্ষেত্রে বেশ কিছু অনিয়ম পরিলক্ষিত হচ্ছে বিশেষ করে অনেক এমপ্লয়ি দপ্তরে সময় মতো উপস্থিত না হয়েও অন্য এমপ্লয়ীদের দ্বারা প্রক্সিমিটি আইডি কার্ডের সাহায্যে হাজিরা প্রদান করছেন। এ ধরনের কার্যক্রম চাকুরীবিধি ও শৃঙ্খলা পরিপন্থী বিধায় অনতিবিলম্বে এর অপব্যবহার রোধ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সতর্কতামূলক সার্কুলার জারি করা এবং এর উন্নতি না হলে পরবর্তীতে প্রক্সিমিটি কার্ডের মাধ্যমে হাজিরা প্রদান সীমিত করার বিষয়ে আলোচনা হয়, দপ্তর প্রধানকে তাঁর অধীনস্থ এমপ্লয়ীদের এ বিষয়ে সতর্ক করার উপর গুরুত্বারোপ করা হয়।

ঘ) এনওসিএস ডেমরা/সারুলিয়া উপকেন্দ্রে সংগঠিত চুরি/ডাকাতির ঘটনা সংক্রান্তঃ গত ১০/০৭/২০২২ খ্রি. তারিখে ঈদের ছুটি চলাকালীনসময়ে এনওসিএস ডেমরা/সারুলিয়া ৩৩/১১ কেভি উপকেন্দ্রে সশস্ত্র বহিরাগত লোকজন কর্তব্যরত নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য এমপ্লয়ীদের জিম্মি করে দপ্তরে রক্ষিত মূল্যবান জিনিসপত্র লুট করে নিয়ে যাওয়ার ঘটনা নিয়ে সভায় আলোচনা হয়। এ ধরনের সম্পদ হানি ও চুরি/ডাকাতির ঘটনায় কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেন। সভায় জানানো হয় এ বিষয়ে থানায় মামলা দায়ের করা হয়েছে এবং ডিপিডিসি কর্তৃপক্ষ কর্তৃক ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এ ধরনের ঘটনা প্রতিরোধে ডিপিডিসি'র সকল দপ্তরের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার ব্যাপারে সবিশেষ গুরুত্বারোপ করা হয়।

গ) অন্য এমপ্লয়ীর সহায়তায় প্রক্সিমিটি কার্ডের মাধ্যমে হাজিরা প্রদান চাকুরীবিধি অনুযায়ী দণ্ডনীয় অপরাধ তাই এ ধরনের কার্যক্রম হতে বিরত থাকার বিষয়ে সার্কুলার জারি করতে হবে। অধীনস্থ এমপ্লয়ীদের সতর্ক করে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ বিষয়টি সময়ে সময়ে তদারকি করবেন।

ঘ) ডিপিডিসি'র তদন্ত কমিটিকে সুস্থ তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটন এবং এর প্রতিরোধে কার্যকর সুপারিশ প্রণয়ন করতে হবে। সার্বিক নিরাপত্তা ব্যবস্থাকে আরো সক্রিয় ও জোরদার করতে হবে।


সিদ্ধান্ত গ)
সকল দপ্তর প্রধান ও
ডিজিএম (এইচআর),
সিকিউরিটি।

| | | |
|--|--|--|
| | | তদন্ত কমিটি ও ডিজিএম (এইচআর), সিকিউরিটি। |
|--|--|--|

আলোচ্যসূচি-১৪- অডিট আপত্তির জবাব প্রদান সংক্রান্ত আলোচনা:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|--|--|
| সভায় জিএম, অডিট জানান যে, বর্তমানে ৬৯৩ টি অডিট আপত্তি রয়েছে। তন্মধ্যে ২৩২ টি রিপোর্টভুক্ত অডিট আপত্তি রয়েছে। ২০৬ জন গ্রাহকের প্রায় ১৫ কোটি টাকার মত বকেয়া রয়েছে যা আদায় না করলে সম্পূর্ণভাবে অডিট আপত্তি নিষ্পত্তি করা যাবেনা মর্মে জিএম, অডিট সভায় আশঙ্কা প্রকাশ করেন। | ক রিপোর্টভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে রিপোর্টভুক্ত ২৩১ টি অডিট আপত্তির ব্রডশীট জবাব অবিলম্বে জিএম, অডিট দপ্তরে প্রেরণ করতে হবে। খ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে ব্রডশীট জবাব প্রেরণ করে রিপোর্টভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ ডিজিএম (গভ: এন্ড রেভিনিউ অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয় নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য কামনা করে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক


স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.০৬.০০১.২২.৩০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯

১০ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিস্ট্রেশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
- ২) সকল চিফ ইঞ্জিনিয়ার/সকল জেনারেল ম্যানেজার
- ৩) সকল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি।
- ৪) সকল নির্বাহী প্রকৌশলী/ম্যানেজার, ডিপিডিসি।
- ৫) সাব ডিভিশনাল ইঞ্জিনিয়ার, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
- ৬) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ আর), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)



মো: মাহবুবুর রহমান
সাব ডিভিশনাল ইঞ্জিনিয়ার